



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/৩২/১ (৫২৭)

তারিখ: ২৯.০১.২০২৪ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১২শ শ্রেণির উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির ধারাবাহিকতা রক্ষায় উপবৃত্তির জন্য অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: অত্র কার্যালয়ের গত ০৮.০১.২০২৪ তারিখের মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/০৪/১(৫১৬) নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালে উপবৃত্তিপ্ৰাপ্ত ৬ষ্ঠ থেকে ১০ম ও সমমান শ্রেণি এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১২শ ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির ধারাবাহিকতা রক্ষায় অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস HSP-MIS সফটওয়্যারে পরিবর্তনের দ্বারা নিষ্ক্রিয়করণের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। শিক্ষার্থীদের হালনাগাদ স্ট্যাটাস শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ কার্যক্রম আগামী ০৭.০২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পূর্ণ করতে হবে।

শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় এমন শিক্ষার্থীদের অবশ্যই নিষ্ক্রিয় করতে হবে।

৩। শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী-

- (১) HSP-MIS সফটওয়্যারের URL (লিংক): <https://hsp.pmeat.gov.bd/HSP-MIS/login>-এ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশ;
- (২) ড্যাশবোর্ড এর মেনুবারে “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক;
- (৩) “শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন” বাটনে ক্লিক;
- (৪) “খুঁজুন” বাটনে ক্লিক করা;
- (৫) যে সকল শিক্ষার্থী অযোগ্য হবে তাদের নামের শেষে “সম্পাদন” (কলম আইকন) বাটনে ক্লিক;
- (৬) “শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস” অপশনে ড্রপডাউন বক্সে ‘নিষ্ক্রিয়’ অপশন সিলেক্ট;
- (৭) স্ট্যাটাস পরিবর্তনের কারণ যেমন- ৪৫% এর নিচে কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, শেষ একাডেমিক স্তর ৮ম/৯ম/১০ম অতিক্রম, বিবাহিত, অন্যান্য ইত্যাদি প্রযোজ্য এক বা একাধিক নির্বাচন করতে হবে;
- (৮) পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে;
- (৯) সর্বশেষ ‘সংরক্ষণ’ বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৪। উপবৃত্তির ধারাবাহিকতা রক্ষায় অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস HSP-MIS সফটওয়্যারে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নিষ্ক্রিয়করণের বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিবিড়ভাবে মনিটরিং করবেন।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম এক্সজিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক পত্রের মর্মানুযায়ী কার্যক্রম নিবিড়
পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ১১। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(শিক্ষা প্রতিষ্ঠানের জন্য HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তন অপশন চালুকরণ ও পিএমইএটি-
এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।